২৭

প্রথম আলো

তারিখ ... SEP 07 2006 ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

# বাংলাদেশ প্রকোশল বিশ্ববিদ্যালয়

## শিক্ষাপ্রতিষ্ঠানের সুনাম অক্ষুণ্ন রাখতে হবে

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এ দেশের একটি ঐতিহ্যবাহী ও স্বনাম
শিক্ষাপ্রতিষ্ঠান। এ বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটেরা তাদের কর্মদক্ষতার জন্য দেশে-বিদেশে য
সুনাম অর্জন করেছেন। অত্যন্ত দুঃখের বিষয়, নিকট অতীতের কিছু ঘটনা বিশ্ববিদ্যালয়টির সু
বহুলাংশে ক্ষুণ্ন করেছে। সম্প্রতি ছাত্রদের পরীক্ষা পেছানোর আন্দোলন নিয়ে যা ঘটে গেল
কোনোক্রমেই সমর্থনযোগ্য নয়। শিক্ষাপ্রতিষ্ঠানটি কার্যত প্রায় চার মাস একাডেমিক কার্যক্রমবহি
অবস্থায় ছিল। সংশ্লিষ্ট সবারই মনে রাখা উচিত যে জনগণের অর্থে পরিচালিত একটি পাব
বিশ্ববিদ্যালয়ে কোনোক্রমেই এহেন পরিবেশ কাম্য নয়। ছাত্রদের পরীক্ষাভীতিকে পুঁজি
কিছুসংখ্যক অমনোযোগী ছাত্রের কার্যকলাপ ও অসুস্থ ছাত্ররাজনীতির আধিপত্য বিস্তা
প্রতিযোগিতা মূলত পরীক্ষা পেছানোর আন্দোলনের অন্যতম কারণ।

অতিসম্প্রতি বুয়েটে একজন নতুন উপাচার্য যোগ দিয়েছেন। আমরা আশা করব, নতুন উপা
বুয়েটে গতিশীল নেতৃত্ব প্রদান করবেন। ইতিমধ্যে একাডেমিক কাউন্সিল বুয়েটের একাডে
কার্যক্রম চালুর সিদ্ধান্ত গ্রহণ ও স্থগিত পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। আমরা মনে করি, পরী
পেছানোর আন্দোলনে অনভিপ্রেত ঘটনার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তথা শিক্ষ
দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। এ সময় অনুষ্ঠিত না হলে দেশের রাজনৈতিক অস্থিরতা ও বি
কারণে পরীক্ষা দীর্ঘসূত্রতায় পড়তে পারে

দীর্ঘ ৩৫ দিন অনির্ধারিত বন্ধের পর মঙ্গলবার বিশ্ববিদ্যালয় খুলেছে। বুয়েটের শিক্ষাকার্য
আর যেন এভাবে থমকে না যায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সবাইকে সজাগ থাকতে হবে। আমা
প্রত্যাশা, ছাত্রছাত্রীরা তাদের সু-আচরণের পরিচয় দেবে এবং পরীক্ষায় অংশগ্রহণের মা
বুয়েটের ঐতিহ্য রক্ষায় ব্রতী হবে। বুয়েটের মতো একটি শিক্ষাপ্রতিষ্ঠানকে রক্ষা করতে